রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১২, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যোগাযোগ মন্ত্রণালয়
সড়ক ও রেলপথ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ১২ই জুলাই, ২০০১ইং/২৮শে আষাঢ়, ১৪০৮বাং

এস, আর, ও নং ১৯৪-আইন/২০০১।—Highways Act, 1925 (III of 1925) এর section 4 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার মহাসড়ক (নিরাপত্তা, সংরক্ষণ ও চলাচল নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০১, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এ নিম্নরূপ সংশোধনের প্রস্তাব করিল এবং প্রস্তাবিত সংশোধনীর প্রাক প্রকাশনা করা হইল।

২। প্রস্তাবিত সংশোধনী দ্বারা ক্ষতিগ্রস্ত বা প্রভাবিত হইতে পারেন এমন সকল ব্যক্তির অবগতির জন্য এতদ্বারা নোটিশ প্রদান করা যাইতেছে যে এই প্রজ্ঞাপন সরকারী গেজেটে জারীর ৩০ (ত্রিশ) দিন পর প্রস্তাবিত সংশোধনী চূড়ান্তকরণের জন্য বিবেচনা করা হইবে এবং উল্লেখিত ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রস্তাবিত সংশোধনী সম্পর্কে নিম্নস্বাক্ষরকারীর নিকট কোন আপত্তি বা পরামর্শ প্রেরণ করা হইলে সরকার উহা বিবেচনা করিবে।

প্রস্তাবিত সংশোধনী

উক্ত বিধিমালার—

(ক) বিধি ২ এর দফা (ঝ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঝ) ও (ঞ) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ

"(ঝ) 'মহাসড়ক' অর্থ আইনের section 2 তে সংজ্ঞায়িত Government road এর মধ্যে অধিদপ্তর কর্তৃক বিধি ২ক এর অধীন প্রবেশাধিকার নিয়ন্ত্রিত মহাসড়ক (restricted access highway) হিসাবে ঘোষিত road ;



মূল্য ঃ টাকা ১.০০

(ঞ) 'যান' অর্থ দফা (জ) এ বর্ণিত মোটরযান ব্যতিত অন্যান্য ধীরগতিসম্পন্ন বাহন, অনধিক ৫০ সিসি ক্ষমতাসম্পন্ন মটর সাইকেল, তিন চাকাবিশিষ্ট মটর যান, রিক্সা, বাইসাইকেল এবং পা-চালিত বাহন ও ট্রেইলারসহ যে কোনভাবে চালানোর উপযোগী অন্য কোন বাহন।";

(খ) বিধি ২ এর পর নিম্নরূপ বিধি ২ক সন্নিবেশিত হইবে, যথা ঃ

"**২ক। মহাসড়ক ঘোষণা।**—(১) উপ-বিধি (৩) এর বিধান সাপেক্ষে, অধিদপ্তর, সরকারী গেজেটে আদেশ দ্বারা, যে কোন Government road-কে প্রবেশাধিকার নিয়ন্ত্রিত মহাসড়ক হিসাবে ঘোষণা করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত আদেশে নিম্নবর্ণিত তথ্যাবলী অন্তর্ভুক্ত থাকিবে, যথা ঃ

(ক) মহাসড়কের নাম ;

(খ) মহাসড়কের নক্‌সা বা অন্যবিধ বর্ণনা ;

(গ) মহাসড়কে প্রবেশ বা মহাসড়ক হইতে বহির্গমনের অনুমোদিত পথ।

(৩) অধিদপ্তর কোন Government road-কে প্রবেশাধিকার নিয়ন্ত্রিত মহাসড়ক ঘোষণার ক্ষেত্রে নিম্নবর্ণিত নীতিমালা অনুসরণ করিবে, যথা ঃ

(ক) মোটরযান চলাচলের জন্য বিশেষায়িত নক্সায় নির্মিত Government road প্রবেশাধিকার নিয়ন্ত্রিত মহাসড়ক হইবে ;

(খ) সংলাগ ভূমিতে যাতায়াতের সুবিধা প্রদানের উদ্দেশ্যে নির্মিত নয় এইরূপ Government road প্রবেশাধিকার নিয়ন্ত্রিত মহাসড়ক হইবে ;

(গ) দ্রুতগতিসম্পন্ন মোটরযান চলাচলে ন্যূনতম বিঘ্ন সৃষ্টির সম্ভাবনা সম্পন্ন Government road প্রবেশাধিকার নিয়ন্ত্রিত মহাসড়ক হইবে।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গোলাম মাওলা মজুমদার
উপ-সচিব।

আবদুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।